

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ঢাকা।

[মুসক অনুবিভাগ]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৭ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ / ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ।

প্রজ্ঞাপন নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০০৪.১৭/৭৮২-মুসক/২০১৭।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

(ক) প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৫৫-আইন/২০১৭/৪১/কাস্টমস, তারিখঃ ০১.০৬.২০১৭ খ্রিঃ এর আওতায় মোটরসাইকেল উৎপাদনকারী কর্তৃক উক্ত প্রজ্ঞাপনের TABLE-I ও TABLE-II এর অন্তর্ভুক্ত পণ্য এবং মোটরসাইকেল এর পার্টস উৎপাদনকারী (ভেঙ্কর) কর্তৃক উক্ত প্রজ্ঞাপনের TABLE-I এর অন্তর্ভুক্ত পণ্য (CKD Motorcycle আমদানি ব্যতীত); এবং

(খ) উল্লিখিত দফা (ক) এ বর্ণিত যন্ত্রাংশ ও উপকরণ ব্যবহারপূর্বক স্থানীয়ভাবে মোটরসাইকেল এবং মোটরসাইকেলের পার্টস উৎপাদন (CKD Motorcycle স্থানীয় সংযোজন ব্যতীত)।

০২। এই প্রজ্ঞাপনের কার্যকারিতা আগামী ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখ হইতে ৩০ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)
সিনিয়র সচিব